

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.hsd.gov.bd

নং-৪৫.১৫৫.১১৪.০০.০০.০০৫.২০১০-২৫


তারিখঃ ১২-০১-২০২০খ্রিঃ

বিষয়ঃ সরকারি হাসপাতালের দর্শনার্থী ব্যবস্থাপনা।

দেশের সকল সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে মানসম্মত চিকিৎসাসেবা প্রদান সরকারের অন্যতম লক্ষ্য। মাননীয় প্রধানমন্ত্রীর গতিশীল নেতৃত্ব ও নির্দেশনায় এ খাতের অগ্রগতি বিশ্বব্যাপি স্বীকৃত। মানসম্মত ও নিরাপদ চিকিৎসা প্রদান করতে হলে রোগীর সাথে আগত দর্শনার্থীদের নিয়ন্ত্রণ করা অতীব জরুরি। কেননা, তাদের স্বাস্থ্য বিষয়ক অজ্ঞতা এবং রোগ-জীবাণুর সংক্রমন রোধে করণীয় বিষয়ে সম্যকজ্ঞানের অভাবে অধিকাংশ সময়ই কাঙ্ক্ষিত পরিবেশ/পরিস্থিতির অবনতি হয়। এছাড়া, খারণক্ষমতার অতিরিক্ত দর্শনার্থী হওয়ায় হাসপাতালের নীরবতা, পরিচ্ছন্নতা, ইউটিলিটি সার্ভিস, রোগীর গোপনীয়তা এবং চিকিৎসাসেবীদের নিরাপত্তা প্রভৃতি বিঘ্নিত হয়। এমতাবস্থায়, দেশের সকল সরকারি চিকিৎসা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষকে নির্দেশক্রমে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলোঃ

- (১) প্রত্যেক হাসপাতালে দর্শনার্থী পাশ চালু করতে হবে এবং প্রতিটি পাশের জন্য নিরাপত্তা জামানত চালু করা যেতে পারে।
- (২) রোগীর অসুস্থতা বিবেচনায় ১ জন রোগীকে সহায়তার জন্য সর্বোচ্চ ২ জন দর্শনার্থীকে পাশ দেয়া যেতে পারে।
- (৩) হাসপাতাল ত্যাগের পূর্বেই পাশ ফেরত প্রদানপূর্বক নিরাপত্তা জামানত ফেরত নিতে পারবেন।
- (৪) হাসপাতালের সকল চিকিৎসক ও নার্সসহ কর্মচারীগণ বৈধ পরিচয়পত্র দৃশ্যমানভাবে বহন করবেন।
- (৫) আগত দর্শনার্থীদের জন্য পাশ ইস্যু করার সময় নাম, ঠিকানা, মোবাইল নং, পরিদর্শনের কারণ ইত্যাদি তথ্য সম্বলিত রেজিস্টার সংরক্ষণ করা যেতে পারে।
- (৬) গবেষণা, জরিপ, অন্য কোন তথ্য বা সংবাদ সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী হাসপাতাল কর্তৃপক্ষকে অবহিত করবেন। সংগৃহীত তথ্য/সংবাদের বস্তুনিষ্ঠতা বিষয়ে হাসপাতাল কর্তৃপক্ষকে অবহিত করবেন। বিনা অনুমতিতে হাসপাতালের অভ্যন্তরের রোগী বা স্বাস্থ্যসেবা কার্যক্রমের কোন স্থির চিত্র বা ভিডিও চিত্র ধারণ করতে পারবেন না। সংগৃহীত তথ্য প্রকাশের আগেই বস্তুনিষ্ঠতা বিষয়ে কর্তৃপক্ষের সম্মতি গ্রহণ করতে হবে।
- (৭) দর্শনার্থী বিষয়ক নিয়মাবলী রোগী/রোগীর সাহায্যকারীকে অবহিত করতে হবে।
- (৮) এছাড়াও দর্শনার্থী বিষয়ক নিয়মাবলী সহজে দৃষ্টি গোচরীভূত হয় এমন স্থানে প্রদর্শন করবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশনাবলী জারী করা হলো।

  
(মোঃ আবু রায়হান মিয়া)  
উপ সচিব  
ফোনঃ ৯৫৫৬৯৮৯

### বিতরণঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)
- ২। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)।
- ৩। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল)।
- ৪। পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) সকল।
- ৬। সিভিল সার্জন (সকল)।
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)।

### অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (তাকে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব (হাসপাতাল/সঃস্বাঃব্যঃ), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।